



# জনসংযোগ অফিস

## বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

### প্রেস রিলিজ

তারিখ : ১৭/১১/২০১৬

## বরিশাল বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা আগামীকাল

২০১৬-১৭ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষায়

আবেদনকারী ২৪,৩৯১ এবং প্রতি আসনের বিপরীতে প্রতিযোগী ১৮ জন

বরিশাল বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা শুরু হচ্ছে আগামীকাল। চলতি ২০১৬-১৭ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রথম বর্ষের ভর্তি পরীক্ষায় বিশ্ববিদ্যালয়ের ৬টি অনুষদের অধীন ২০ টি বিভাগের ১,৩৪৫টি আসনের বিপরীতে ২৪,৩৯১ জন শিক্ষার্থী আবেদন করেছে। প্রতিটি আসনের বিপরীতে প্রতিযোগী ১৮ জন। পূর্বের ১৮ টি বিভাগের সাথে চলতি শিক্ষাবর্ষ হতে ‘কোন্সটাল স্টাডিজ এন্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট ও দর্শন’ বিভাগ যুক্ত হয়েছে। উল্লেখ্য দেশের ৩৭ টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের মধ্যে সর্বপ্রথম বরিশাল বিশ্ববিদ্যালয়েই শিক্ষার্থীদেরকে প্রচলিত “ঘ” ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হচ্ছে না। শিক্ষার্থীদের ভোগান্তি লাঘবে বরিশাল বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আসন্ন ভর্তি পরীক্ষা হতে এ ধরনের উদ্যোগ গ্রহণ করেছে। তবে স্ব স্ব ইউনিটে পরীক্ষা দেয়ার মাধ্যমে শাখা পরিবর্তন ফি প্রদান সাপেক্ষে শিক্ষার্থীদের অন্য ইউনিটের বিভাগসমূহে ভর্তির সুযোগ থাকবে।

ভর্তি পরীক্ষার তারিখ, সময়, ইউনিটওয়ারী আসনসংখ্যা, ইউনিটওয়ারী আবেদনকারী এবং কেন্দ্রসমূহ নিম্নরূপ:-

তারিখ ও বার	সময়	ইউনিট অনুযায়ী আসন সংখ্যা	ইউনিট অনুযায়ী আবেদনকারী	কেন্দ্র সমূহ (বরিশাল বিশ্ববিদ্যালয়সহ কেন্দ্র সংখ্যা ০৬ টি)
১৮/১১/২০১৬ শুক্রবার	সকাল ১০:০০- ১১:০০ টা	‘খ’ ৩৪০+২৫ (শাখা পরিবর্তন ইউনিটসহ) = ৩৬৫	‘খ’ ইউনিট ৪,৪০৭ জন	১. বরিশাল বিশ্ববিদ্যালয় ২. বরিশাল সরকারি মহিলা কলেজ ৩. সরকারি আলেকান্দা কলেজ বরিশাল ৪. অমৃত লাল দে মহাবিদ্যালয় বরিশাল ৫. তফাজ্জল হোসেন মানিক মিয়া কলেজ ৬. বরিশাল মডেল স্কুল এন্ড কলেজ
১৮/১১/২০১৬ শুক্রবার	বিকাল ৩:০০- ৪:০০ টা	‘গ’ ২৪০+৭০ (শাখা পরিবর্তন ইউনিটসহ) = ৩১০	‘গ’ ইউনিট ৫,৮০২ জন	
১৯/১১/২০১৬ শনিবার	সকাল ১১:০০- ১২:৩০ টা	‘ক’ ৫২৫+১৪৫ (শাখা পরিবর্তন ইউনিটসহ) = ৬৭০	‘ক’ ইউনিট ৯,৩৭৬ জন	
			শাখা পরিবর্তন ইউনিট ৪,৮০৬ জন	

- সর্বমোট আসন সংখ্যা = ১৩৪৫
- সর্বমোট আবেদনকারী = ২৪,৩৯১ জন

ভর্তি পরীক্ষা উপলক্ষে ভর্তিচ্ছু শিক্ষার্থীরা কোন ধরনের ইলেক্ট্রনিক ডিভাইস যেমন: হাতঘড়ি, ডিজিটাল ক্যালকুলেটর, মোবাইল ফোন, ব্লু-টুথ ডিভাইস নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পারবে না। এ ছাড়াও শিক্ষার্থীদের যে কোন ধরনের ব্যাগ নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশও সম্পূর্ণভাবে নিষিদ্ধ করা হয়েছে।

ভর্তি পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত তথ্য, আসন বিন্যাস বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে <http://admission.eis.bu.ac.bd>,

[www.barisaluniv.edu.bd](http://www.barisaluniv.edu.bd) এবং [www.barisaluniv.ac.bd](http://www.barisaluniv.ac.bd) পাওয়া যাবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুফি

জনসংযোগ কর্মকর্তা

বরিশাল বিশ্ববিদ্যালয়

b.university.pro@gmail.com